

তারিখ: ২৬/০৬/২০১৯ খ্রি.

২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইনে সঠিক তথ্য এন্ট্রি দিয়ে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। অগ্রহী প্রার্থীদেরকে প্রিন্ট কপি কলেজে জমা দিয়ে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। আবেদনের সময়সূচী:

- (ক) আবেদন ফরম পূরণের শেষ তারিখ : ০৬/০৭/২০১৯ খ্রি.
(খ) আবেদন ফরমের প্রিন্টকপি (২কপি) জমাদানের তারিখ : ২৭/০৬/২০১৯ হতে ০৭/০৭/২০১৯ খ্রি.
(গ) আবেদন ফরমের প্রিন্টকপি জমাদানের স্থান : সংশ্লিষ্ট বিভাগীয় কক্ষে
(ঘ) আবেদন ফরমের প্রিন্টকপি জমাদানের সময় : সকাল ১০:০০ - দুপুর ১:০০ টা পর্যন্ত

২। আবেদনের যোগ্যতা: জাতীয় বিশ্ববিদ্যালয় ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় উত্তীর্ণ (ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত) প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) আবেদন করতে পারবে। তবে জাতীয় বিশ্ববিদ্যালয় ২০১৩ থেকে ২০১৭ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) নিয়মিত পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে না। স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না।

৩। প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়:

(ক) নির্ধারিত ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রদর্শিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।

(ঘ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৪। আবেদনের সাথে জমা দিতে হবে:

- (ক) প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
(খ) এসএসসি, এইচএসসি, স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষা পাশের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(গ) স্নাতক (পাস) রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(ঘ) কোটায় ভর্তির ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

(প্রফেসর মোঃ মর্দন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
২। আহ্বায়ক, ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।
৩। হিসাব শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি।
৪। সংরক্ষণ নথি।